

তিন কিস্তি বীমা



প্রাইম ইসলামী লাইফ
ইন্স্যুরেন্স লিমিটেড

আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন

তালিকা নং-০৩ (ক)

তিন কিস্তি বীমা পরিকল্পনা-লাভযুক্ত

Three Payment Endowment Assurance Plan-With Profit

পরিচিতি : সাধারণ সঞ্চয়ী বীমা পরিকল্পনে দীর্ঘদিন পলিসি চালানোর পর মেয়াদ শেষে গ্রাহক লাভসহ পূর্ণ বীমা অংক পেয়ে থাকে। এ দীর্ঘ সময়ে বিভিন্ন কারণ যেমন ব্যবসার চলতি মূলধন, সন্তানের শিক্ষা ও বিয়ের জন্য গ্রাহকের অর্থের প্রয়োজন হতে পারে। গ্রাহকের এ ধরনের জরুরী প্রয়োজন মেটাতে প্রাইম ইসলামী লাইফ চালু করেছে তিন কিস্তি বীমা।

বীমা গ্রহণের বয়স : বীমার শুরুতে সর্বনিম্ন ১৮ বছর ও সর্বোচ্চ ৫৩ বছর পর্যন্ত সুস্থ স্বাভাবিক যে কেউ এই পলিসি গ্রহণ করতে পারবেন। তবে মেয়াদ পূর্তিতে গ্রাহকের বয়স ৬৫ বছরের বেশী হবে না। বীমা অংক, শিক্ষাগত যোগ্যতা ও লিঙ্গ ভেদে প্রবেশকালীন ও মেয়াদপূর্তিতে বয়সের সর্বোচ্চ সীমা পরিবর্তন হবে।

বীমা অংক : ন্যূনতম ১৫,০০০ টাকা।

বীমার মেয়াদ : ১২, ১৫, ১৮ ও ২১ বছর।

বীমার সুবিধা :

১. এই বীমায় মোট তিনটি কিস্তিতে গ্রাহককে বীমা অংক পরিশোধ করা হয়। পরিকল্পনা অনুযায়ী বীমার এক তৃতীয়াংশ মেয়াদ শেষে বীমা অংকের এক চতুর্থাংশ এবং দুই তৃতীয়াংশ মেয়াদ শেষে আরও এক চতুর্থাংশ অর্থ পরিশোধ করা হয়। মেয়াদ পূর্তির পর অর্জিত লাভসহ (যদি থাকে) বীমা অংকের বাকী অর্ধেক টাকা পরিশোধ করা হয়।

উদাহরণস্বরূপঃ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা বীমা অংকের একটি তিন কিস্তি বীমা ১২ বছরের মেয়াদের জন্য গ্রহণ করা হল। এক্ষেত্রে বীমা গ্রাহক ৪ বছর পর বীমা অংকের ২৫% অর্থাৎ ২৫ হাজার টাকা, ৮ বছর পর বীমা অংকের ২৫% হিসাবে আরও ২৫ হাজার টাকা, এবং মেয়াদ শেষে বাকী ৫০% হিসাবে ৫০ হাজার টাকা লাভসহ (যদি থাকে) পাবেন।

অনুরূপভাবে ১৫ বছর মেয়াদের পলিসিতে ৫, ১০, ১৫ বছর ১৮ বছর মেয়াদের পলিসিতে ৬, ১২, ১৮ বছর এবং ২১ বছর মেয়াদের পলিসিতে ৭, ১৪, ২১ বছর পর অনুরূপ সুবিধা প্রদান করা হয়।

২. বীমার মেয়াদ পূর্তির পূর্বে এক বা একাধিক প্রত্যাশিত সুবিধার টাকা গ্রহণ করেও বীমাগ্রাহক মৃত্যুবরণ করলে পলিসি চালু থাকা সাপেক্ষে তার নমিনিকে লাভ (মুনাফা) সহ (যদি থাকে) সম্পূর্ণ বীমা অংক দেয়া হয়।
৩. কমপক্ষে দুই বছর প্রিমিয়াম দেয়ার পর বীমাগ্রাহক নিয়মিত প্রিমিয়াম পরিশোধ না করলে পলিসি পরিশোধিত (Paid up) বীমায় রূপান্তরিত হবে যা বীমাগ্রাহকের মৃত্যুতে তার নমিনিকে বা মেয়াদ শেষে বীমাগ্রাহককে অর্জিত লাভ (মুনাফা) সহ (যদি থাকে) প্রদান করা হবে।

প্রিমিয়াম প্রদান পদ্ধতি : এই পরিকল্পনে বার্ষিক বা ষাণ্মাসিক বা ত্রৈমাসিক ভিত্তিতে প্রিমিয়াম প্রদান করা যাবে।

$$\begin{aligned} \text{ষাণ্মাসিক প্রিমিয়াম} &= \text{বার্ষিক প্রিমিয়াম} \times 0.52 \\ \text{ত্রৈমাসিক প্রিমিয়াম} &= \text{বার্ষিক প্রিমিয়াম} \times 0.29 \end{aligned}$$

বার্ষিক প্রিমিয়াম হিসাব পদ্ধতি : এই পরিকল্পনে প্রিমিয়ামের কিস্তির পরিমাণ নির্ধারণ হবে গ্রাহকের বয়সের ভিত্তিতে অর্থাৎ বীমা অংককে ১০০০ দিয়ে ভাগ করে বয়স ভিত্তিক প্রিমিয়াম হার দিয়ে গুণ করলে বার্ষিক প্রিমিয়াম পাওয়া যাবে।

উদাহরণস্বরূপ : কোন পলিসির বীমা অংক ১,০০,০০০ (এক লক্ষ) টাকা। বীমার মেয়াদ ১২ বছর, গ্রাহকের বয়স ৩২ বছর। প্রিমিয়াম প্রদান পদ্ধতি বার্ষিক। অতএব প্রিমিয়ামের পরিমাণ হবে $(1,00,000 \div 1,000 \times 99.80) = 9,980$ টাকা।

প্রিমিয়াম : ন্যূনতম দেয় কিস্তির পরিমাণ হবে ১,৫০০ টাকা মাত্র।

ঋণ : কোম্পানির নিয়মের মধ্যে বীমা গ্রাহক ঋণ গ্রহণ করতে পারবে।

সমর্পণ : কমপক্ষে দুই বছর প্রিমিয়াম জমা দিলে পলিসির দুই বছর পর থেকে মেয়াদ পূর্তির পূর্বে যে কোন সময় গ্রাহক চাইলে পলিসি সমর্পণ করতে পারবে।

সহযোগী বীমা : এই পরিকল্পনের সাথে সহযোগী বীমা PDAB/DIAB গ্রহণ করতে পারবে।

আয়কর রেয়াত : প্রদত্ত প্রিমিয়ামের উপর আয়কর রেয়াত পাওয়া যায়।

প্রতি হাজার টাকা বীমা অংকের জন্য বার্ষিক প্রিমিয়াম হার নিম্নরূপ :

নিকটতম জন্মদিনে বয়স	পলিসির মেয়াদ			
	১২ বছর	১৫ বছর	১৮ বছর	২১ বছর
১৮-২০	৯৭.০০	৭৮.০০	৬৫.৫০	৫৬.৫০
২১	৯৭.০০	৭৮.১০	৬৫.৫০	৫৬.৫০
২২	৯৭.০০	৭৮.১০	৬৫.৫০	৫৬.৬০
২৩	৯৭.০০	৭৮.১০	৬৫.৫০	৫৬.৬০
২৪	৯৭.০০	৭৮.১০	৬৫.৫০	৫৬.৭০
২৫	৯৭.১০	৭৮.১০	৬৫.৬০	৫৬.৭০
২৬	৯৭.১০	৭৮.২০	৬৫.৬০	৫৬.৮০
২৭	৯৭.১০	৭৮.২০	৬৫.৭০	৫৬.৯০
২৮	৯৭.১০	৭৮.২০	৬৫.৮০	৫৭.০০
২৯	৯৭.২০	৭৮.৩০	৬৫.৯০	৫৭.১০
৩০	৯৭.২০	৭৮.৪০	৬৬.০০	৫৭.২০
৩১	৯৭.৩০	৭৮.৫০	৬৬.১০	৫৭.৪০
৩২	৯৭.৪০	৭৮.৬০	৬৬.২০	৫৭.৬০
৩৩	৯৭.৫০	৭৮.৭০	৬৬.৪০	৫৭.৮০
৩৪	৯৭.৬০	৭৮.৯০	৬৬.৬০	৫৮.১০
৩৫	৯৭.৭০	৭৯.১০	৬৬.৮০	৫৮.৩০
৩৬	৯৭.৯০	৭৯.৩০	৬৭.১০	৫৮.৬০
৩৭	৯৮.১০	৭৯.৫০	৬৭.৪০	৫৯.০০
৩৮	৯৮.৩০	৭৯.৮০	৬৭.৭০	৫৯.৪০
৩৯	৯৮.৬০	৮০.১০	৬৮.১০	৫৯.৮০
৪০	৯৮.৯০	৮০.৫০	৬৮.৫০	৬০.৩০
৪১	৯৯.২০	৮০.৯০	৬৯.০০	৬০.৯০
৪২	৯৯.৬০	৮১.৩০	৬৯.৫০	৬১.৫০
৪৩	১০০.০০	৮১.৮০	৭০.১০	৬২.১০
৪৪	১০০.৫০	৮২.৪০	৭০.৭০	৬২.৯০
৪৫	১০১.০০	৮৩.০০	৭১.৪০	
৪৬	১০১.৬০	৮৩.৬০	৭২.২০	
৪৭	১০২.২০	৮৪.৪০	৭৩.০০	
৪৮	১০২.৯০	৮৫.২০		
৪৯	১০৩.৭০	৮৬.০০		
৫০	১০৪.৫০	৮৭.০০		
৫১	১০৫.৪০			
৫২	১০৬.৪০			
৫৩	১০৭.৫০			



প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

প্রধান কার্যালয় : রাজভবন (৭মতলা), ২৯ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
 ফোন: ৪৭১১২৪৮৮, ৯৫৭৬৪০৪, ৯৫৫৪৫৩৮, ফ্যাক্স : ৯৫৬৪৩৯০
 E-mail : pililbd@gmail.com, website: primeislamiflfebd.com

আন্তর্জাতিক মান ৯০০১ : ২০১৫ সনদপ্রাপ্ত